

■■ সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউভেশন)

হাদিস নাম্বারঃ ২২৭২

২২/ সাওম [রোযা] (১যা়্না)

পরিচ্ছেদঃ ৪৯/ মুসাফির থেকে সাওম মুলতবীকরণ এবং আমর ইবন উমাইয়া থেকে আওযায়ী কর্তৃক রেওয়ায়ত বর্ণনায় সনদের বিভিন্নতা

باب ذِكْرِ وَضْعِ الصِيّامِ عَنِ الْمُسَافِرِ، وَالإِخْتِلاَفِ، عَلَى الأَوْزَاعِيِّ فِي خَبَرِ عَمْرِو بْنِ أُمَيَّةَ فِيهِ

আরবী

أَخْبَرَنِي عَمْرُو بْنُ عُثْمَانَ، قَالَ حَدَّثَنَا الْوَلِيدُ، عَنِ الْأَوْزَاعِيِّ، قَالَ حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِيهِ، كَثِيرٍ، قَالَ حَدَّثَنِي أَبُو قِلاَبَةَ، قَالَ حَدَّثَنِي جَعْفَرُ بْنُ عَمْرِو بْنِ أُمَيَّةَ الضَّمْرِيُّ، عَنْ أَبِيهِ، قَالَ قَدِمْتُ عَلَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ لِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَلاَ تَنْتَظِرُ الْغَدَاءَ يَا أَبَا أُمَيَّةً ". قُلْتُ إِنِي صَائِمٌ . فَقَالَ " تَعَالَ أُخْبِرْكَ عَنِ المُسَافِرِ إِنَّ اللَّهَ وَضَعَ عَنْهُ الصِيّامَ وَنِصنْفَ الصَّلاَةِ " .

বাংলা

২২৭২। আমর ইবনু উসমান (রহঃ) ... জা'ফর ইবনু আমর (রহঃ)-এর পিতা [আমর (রাঃ)] থেকে বর্ণিত। তিনি বলেন, আমি একবার রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে আসলাম। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, হে আবূ উমাইয়াা! তুমি কি দ্বিপ্রহরের খানা পর্যন্ত অপেক্ষা করবে না? আমি বললাম, ইয়া রাসুলাল্লাহ! আমি সাওম (রোযা/রোজা/সিয়াম/ছিয়াম) পালন করছি। তিনি বললেন, আসো আমার কাছে আসো; আমি তোমাকে মুসাফির সম্পর্কে বিধান অবহিত করি। আল্লাহ তা'আলা মুসাফির থেকে সাওমকে মুলতবী এবং অর্ধেক সালাত (নামায/নামাজ) রহিত করে দিয়েছেন।

English

Jafar bin 'Amr bin Umayyah Ad-Damri narrated that his father said:
"I came to the Messenger of Allah and the Messenger of Allah said to me:
'Stay and have a meal for breakfast, O Abu Umayyah.' I said: I am fasting.'
He said: 'Come and I will tell you about the traveler. Allah has waived



meaning the fasting and half the prayer for him."'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জা'ফার ইবনু 'আমর ইবনু 'উমাইয়াহ যামরী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন